

PRINT

# সমকাল

উচ্চশিক্ষা

## ভর্তি পরীক্ষায় আরও সমন্বয় চাই

১২ ঘণ্টা আগে

বাংলাদেশের উচ্চশিক্ষার প্রতিষ্ঠানগুলোতে ভর্তির জন্য তীব্র প্রতিদ্বন্দ্বিতা করে ছাত্রছাত্রীরা। ঢাকা, রাজশাহী, জাহাঙ্গীরনগর, চট্টগ্রাম ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মতো পাবলিক বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহের বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, বুয়েট ও ঢাকা মেডিকেল কলেজের মতো বিশেষায়িত প্রতিষ্ঠানে ভর্তির জন্য তাদের থাকে বিশেষ আগ্রহ। কয়েকটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মানও প্রশংসনীয় এবং ব্যয় বেশি হলেও অনেক শিক্ষার্থীর পছন্দের তালিকায় সেগুলো স্থান করে নিয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত রাজধানী ঢাকার ৭টি শিক্ষা প্রতিষ্ঠানেও সম্মান শ্রেণিতে ভর্তির জন্য প্রচুর আবেদন পড়ে। এর বাইরে রয়েছে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন শত শত প্রতিষ্ঠান। পৃথক পরীক্ষা নিয়ে যেহেতু ভর্তির বিধান চালু রয়েছে, তাই কে কোথায় ভর্তির সুযোগ পাবে, তার সামান্যতম নিশ্চয়তাও নেই। অনেকে বিষয়টি ভাগ্যের ওপরে ছেড়ে দিচ্ছে। একটি মানসম্পন্ন প্রতিষ্ঠানে ভর্তি পরীক্ষায় টেকেনি; কিন্তু সমমানের অপর একটি প্রতিষ্ঠানে মেধা তালিকায় ওপরের দিকে স্থান পাওয়ার ঘটনা নিয়মিত আসছে গণমাধ্যমে। এটা ঠিক যে, এত প্রতিষ্ঠানে ভর্তি প্রক্রিয়ার মধ্যে সমন্বয় সাধন সহজ নয়। কিন্তু এটা নিশ্চিত করতে হবে, বিপুল সংখ্যাগরিষ্ঠ ছাত্রছাত্রী যেন ভর্তি পরীক্ষা দিতে গিয়ে 'জটে' না পড়ে। অথচ মঙ্গলবার সমকালের 'একই দিনে ভর্তি পরীক্ষা বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে- শিক্ষার্থীরা বিপাকে' শিরোনামের প্রতিবেদনে আমরা এমন জটই দেখতে পাই। প্রায় সাড়ে তিন মাস আগে ১৯ জুলাই উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। অর্থাৎ পরীক্ষার তারিখ নির্ধারণের কাজটি সমন্বিতভাবে করার জন্য বিভিন্ন প্রতিষ্ঠান যথেষ্ট সময় পেয়েছে। তাহলে একই দিনে একাধিক গুরুত্বপূর্ণ শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির তারিখ কেন পড়বে? বিভিন্ন প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ কেন একে অপরের সঙ্গে আগেভাগেই এ বিষয়ে যোগাযোগ করবে না? এটা ঠিক যে, পরীক্ষার তারিখ সমন্বয়ের মাধ্যমে করা হলেও অনেক শিক্ষার্থী ভর্তির সুযোগ পাবে না। এর কারণ আসন সংকট। সমন্বয়ের চেষ্টা করতে গিয়ে দীর্ঘ সময় ধরে পরীক্ষা গ্রহণ করার বিষয়েও অনেকে আপত্তি করতে পারেন। উচ্চ মাধ্যমিকের ফল প্রকাশের পর তিন মাসের বেশি সময় অতিক্রান্ত হয়েছে। এখনও ভর্তি প্রক্রিয়াই শেষ হলো না; ক্লাস কবে শুরু হবে, সেটা তো আরও অনিশ্চিত। বলা যায়, উচ্চ মাধ্যমিকের ফল প্রকাশের পর তাদের জীবন থেকে কয়েকটি মাস প্রায় বিনা কারণে ঝরে পড়ে। পরীক্ষার তারিখ নির্ধারণে সর্বোচ্চ সমন্বয় সাধনে মনোযোগী হওয়ার পাশাপাশি

ভবিষ্যতে এসব বিষয়েও নজর দিতে হবে।

---

© সমকাল 2005 - 2018

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,  
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com